পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের

বার্ষিক প্রতিবেদন

২০০৫-২০০৬

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সূচীপত্র

		পৃষ্ঠা
১।	ভূমিকা	
২।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কার্যক্রম	১
৩।	সাংগঠনিক কাঠামো	৫
৪।	অধীনস্থ দপ্তর/প্রতিষ্ঠানসমূহ	৬
৫।	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড	৭
৬।	সমবায় অধিদপ্তর	১৮
৭।	বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড),কুমিল্লা	২৫
৮।	পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া	৩১
৯।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উন্নয়ন প্রকল্পসমুহের বিবরণ	৩৪
১০।	রাজস্ব বাজেটে বরাদ্দ	৩৮

ভূমিকা

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ পল্লী উন্নয়নের মাধ্যমে দারিদ্র বিমোচন,সমবায় সমিতি গঠন ও পরিচালনা, সমবায় বিপণন, বীমা ও ব্যাংকিংকে উৎসাহদান,পল্লী অঞ্চলে উৎপাদন বৃদ্ধি, জনগণের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং সর্বোপরি মানব সম্পদ উন্নয়ন তথা প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করে থাকে। এছাড়াও, গ্রামবাসীদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে উদ্ভাবনীমূলক ও প্রযোগধর্মী কর্মপন্থা নির্ধারণের উদ্দেশ্যে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) ও একাডেমীসমূহ দায়িত্ব পালন করছে ।

বর্তমান সরকার দারিদ্র বিমোচনকে সর্বাধিক গুরুত্ব প্রদান করেছে । দেশের হতদরিদ্র জনগণকে দারিদ্রের অভিশাপ থেকে মুক্ত করতে বর্তমান সরকার পদ্ধপরিকর। দেশকে দারিদ্রমুক্ত এবং স্বনির্ভর করে গড়ে তোলার লক্ষ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সুষ্ঠুনীতিমালা প্রণয়ন,কার্যক্রম গ্রহণ, পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়িত হচ্ছে। সরকারের অনুসৃত নীতিমালার সাথে সঙ্গতি রেখে এই বিভাগ পল্লী জনসাধারণের দারিদ্র বিমোচন ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে সার্বিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে ।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এ সরকারের গৃহীত কর্মসূচী বাস্তবায়নপূর্বক পল্লী অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠির জীবন প্রবাহে ব্যাপক পরিবর্তনে নিরলস কাজ করে যাচ্ছে। এই উদ্দেশ্যে এই বিভাগ এবং এর অধীনস্থ অধিদপ্তর/সংস্থাসমূহ পল্লী অঞ্চলে দরিদ্র জনসাধারণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ কর্মসূচী বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করায় দেশের বেকার যুবক ও যুব মহিলাদের কর্মসংস্থানের সুযোগ অবারিত হয়েছে। ফলশ্রুতিতে পল্লী উন্নয়ন দারিদ্র বিমোচন আত্ম-কর্মসংস্থান সৃষ্টি, কৃষি উৎপাদন বৃদ্ধিসহ শিক্ষা ও প্রশিক্ষণ ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে । পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের গৃহীত কার্যক্রমে পল্লী জনগণের জীবন যাত্রার মান উন্নয়ন, মহিলাদের ক্ষমতায়ন ও সমৃদ্ধির চিত্র দৃশ্যমান । এই প্রতিবেদনে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের গৃহীত কার্যক্রম সঠিকভাবে প্রতিপালিত হচ্ছে ।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আনোয়ারুল ইকবাল এই প্রয়াসে সর্বাত্মক নির্দেশনা দিয়ে বার্ষিক প্রতিবেদনটিকে সমৃদ্ধ করেছেন বলে গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করছি । সেই সাথে এই বিভাগের যারা এ প্রকাশনায় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পৃক্ত ছিলেন তাদেরকেও জানাচ্ছি আন্তরিক ধন্যবাদ ।

(আ.ত.ম. ফজলুল করিম)
ভারপ্রাপ্ত সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কার্যক্রম

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মূলতঃ পল্লী উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন, পল্লীর জনগণের আত্ন-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, মানব সম্পদ উন্নয়ন এবং পল্লী উন্নয়ন সংক্রান্ত প্রায়োগিক গবেষণাসহ পল্লী উন্নয়ন সংশিষ্ট বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে।

মুখ্য কার্যক্রমঃ

বর্তমান বিশ্ব পরিস্থিতি ও অভ্যন্তরীণ প্রেক্ষাপটে দেশের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কার্যক্রমকে সময়োপযোগী করার লক্ষ্যে বর্তমান সরকারের সময় অর্থাৎ বিগত ০১/০১/২০০৪ তারিখে পলী উন্নয়ন ও সমবায় বিভাগের Allocation of Business সংশোধন করা হয়। Allocation of Business অনুযায়ী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মুখ্য কার্যক্রমসমূহ নিুরূপঃ-

(১) পল্লী উন্নয়ন নীতি প্রনয়ণ;
(২) সমবায় আইন, বিধি ও নীতি প্রনয়ণ;
(৩) পল্লী এলাকার দারিদ্র্য নিরসনকল্পে বিভিন্ন কর্মসূচী/প্রকল্প প্রনয়ণ ও বাস্তবায়ন;
(৪) ক্ষুদ্রঋণ এর মাধ্যমে গ্রামীণ উদ্যোক্তা উন্নয়ন, কৃষিঋণ, সমবায়ের ভিত্তিতে ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন, সমবায় ব্যাংক, সমবায় ইন্সুরেন্স, সমবায় ভিত্তিক বিপণন, দুগ্ধ ও অন্যান্য সমবায় এন্টারপ্রাইজ;
(৫) সমবায়ীদের জন্য মানবসম্পদ উন্নয়ন কার্যক্রম গ্রহণ, পলী উন্নয়ন ও সমবায় বিষয়ে শিক্ষা, প্রশিক্ষণ প্রদান ও গবেষণা পরিচালনা;
(৬) প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়নের জন্য সুবিধাজনক মডেল উদ্ভাবন, সমবায়ের আওতায় গ্রামীণ মহিলাদের আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক দল গঠনের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন ও ক্ষমতায়নে সহায়তাকরণ;
(৭) বিসিএস (সমবায়) ক্যাডারের প্রশাসন;
(৮) অত্র বিভাগের নিয়ন্ত্রণাধীন অফিস ও সংস্থাসমূহের প্রশাসন;
(৯) পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত সকল বিষয়ের সমন্বয়;
(১০) জাতীয় সমবায় পুরস্কার এবং পল্লী উন্নয়ন পুরস্কার;
(১১) জাতীয় ও আন্তর্জাতিক সমবায় দিবস উদযাপন;
(১২) সিরডাপ, নেডাক, এএআরডিও, আইসিও ইত্যাদি আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগ;
(১৩) অত্র বিভাগের সংগে সংশিষ্ট সকল আইন প্রয়োগ ও বাস্তবায়ন।
(১৪) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সাথে সম্পৃক্ত জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, কর্মশালা, আলোচনাসভা, সংলাপ এর আয়োজন করা;
(১৫) অত্র বিভাগের সাথে সংশিষ্ট যে কোন বিষয়ে অনুসন্ধান ও পরিসংখ্যান সংরক্ষন;
(১৬) আদালতের ফি ব্যতিত অত্র বিভাগের সাথে সম্পৃক্ত ফি আদায়।

২০০৩-২০০৪ সালে পলী উন্নয়ন ও সমবায় বিভাগের উল্লেখযোগ্য কার্যক্রমঃ

(১) **চর জীবিকায়ন প্রকল্পঃ** বাংলাদেশের মোট জনসংখ্যার ৫% চরাঞ্চলে বাস করে। তাদের শতকরা ৮০% চরম দারিদ্র্যসীমার নীচে বসবাস করে। বর্তমান সরকার চরাঞ্চলসহ দেশের সার্বিক দারিদ্র্য বিমোচনকে সর্বাধিক গুরুত্ব প্রদান করছে। এ প্রেক্ষাপটে ব্রহ্মপুত্র ও যমুনা নদী বিধৌত চরাঞ্চলের জনগণের জীবনযাত্রার মানোন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কুড়িগ্রাম, জামালপুর, গাইবান্ধা, বগুড়া এবং সিরাজগঞ্জ জেলার ২৮টি উপজেলায় ১৪৯টি ইউনিয়নে "চর জীবিকায়ন প্রকল্প" বাস্তবায়ন করছে। মাননীয় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ১৮ই আগষ্ট, ২০০৪ এ পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া চত্বরে এ প্রকল্পের আনুষ্ঠানিক উদ্ধোধন করেন। প্রকল্পটি ব্রিটিশ সরকারের (ডিএফআইডি) ৪৬৫.৭২ কোটি টাকা অনুদানসহ মোট ৪৭৫.২৫ কোটি টাকা ব্যয়ে ৮ বছর (জুলাই ২০০৩ হতে জুন ২০১১) মেয়াদে বাস্তবায়িত হবে। কর্মসূচীটি ২০০৩-২০০৪ অর্থ বছর থেকে শুরু হলেও বিভিন্ন আনুষ্ঠানিকতার কারণে মাঠ পর্যায়ের কাজ মার্চ,২০০৫ হতে শুরু হয়। প্রকল্পের আওতায় ৩টি বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ, ৬০০ জন দরিদ্র চরবাসীর বাড়ী উঁচু করা, বিশুদ্ধ পানি সরবরাহের জন্য ৭০০টি টিউবওয়েল এবং

উন্নতর স্বাস্থ্য সেবার জন্য ২০০০ জলাবদ্ধ পায়খানা স্থাপন করা হয়েছে। এ ছাড়া যোগাযোগের সুবিধা উন্নতর করার লক্ষ্যে প্রায় ১০ কিঃমিঃ কাঁচা রাস্তা নির্মাণ করা হয়েছে। কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য ২৬৫ জন ক্ষুদ্র চাষীকে উন্নত জাতের বীজ ও সার সরবরাহ করা হয়েছে এবং ৬২৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কর্মসূচী এলাকার ২৪৩৯৮টি গো-মহিষাদি এবং ৭৩৮৪৬টি মোরগ ও মুরগীকে টিকাদান করা হয়েছে। তা ছাড়া ৪৬ জন বেকার যুবককে টিকাদান বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান হয়েছে। মাছ চাষের জন্য ৯৫০টি পরিবারকে আর্থিক সহায়তা দেয়া হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের চরাঞ্চলের জনগণের দারিদ্র্যতা বহুলাংশে হ্রাস পাবে। মাঠ পর্যায়ে প্রকল্পটির বাস্তবায়ন কাজ পুরোদমে চলছে।

(২) কর্মসূচী ভিত্তিক কার্যক্রমঃ পল্লীর জনগণের বৃহদাংশ হলো ক্ষুদ্র চায়ী, বর্গা চাষী, মহিলা ও বিত্তহীন মানুষ। গ্রামাঞ্চলের মানুষের দারিদ্র্যতা হ্রাস এবং জীবনযাত্রারমান উন্নয়ন কল্পে গতানুগতিক ধারার বাইরে এ বিভাগের অধীনে বিআরডিবি বিভিন্ন কর্মসূচী ভিত্তিক কার্যক্রম প্রবর্তন করেছে। এই কার্যক্রম গ্রামীণ জনগণের জন্য কর্মসংস্থান সৃষ্টি, কৃষি উৎপাদন বৃদ্ধি, স্বাস্থ্য, শিক্ষা, আবাসন, পরিবেশ, স্যানিটেশন সুবিধা সৃষ্টিসহ পল্লী অঞ্চলের উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে ব্যাপক অবদান রাখবে।

(৩) আবর্তক ঋণ তহবিলঃ কৃষিজ উৎপাদন তথা জাতীয় উন্নয়নে ক্ষুদ্র কৃষক অতীব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। অত্র বিভাগের আওতাধীন বাংলাদেশ পলী উন্নয়ন বোর্ড ক্ষুদ্র চাষীদের ঋণ সরবরাহসহ সকল প্রকার সহায়তাদানে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। ১৯৬৩-১৯৬৪ সন থেকে সরকারী অর্থানুকূল্যে তদানিন্তন কুমিল্লা জেলা সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচী এবং পরে সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচী এর আওতায় ক্ষুদ্র কৃষকদের ঋণ সরবরাহ করা হয় এবং তা ১৯৭২-১৯৭৩ সন পর্যন্ত অব্যাহত থাকে। ১৯৭৩-১৯৭৪ সন থেকে সোনালী ব্যাংকের অর্থায়নে ইউসিসিএ এর ঋণ কার্যক্রম শুরু করা হয়। তবে ক্ষুদ্র কৃষকদের জন্য সোনালী ব্যাংকের ঋণ প্রাপ্তির ক্ষেত্রে নানাবিধ অসুবিধার কারণে কৃষকদের ঋণ প্রবাহ সংকুচিত হয়ে পড়ে। ফলে একদিকে যেমন ক্ষুদ্র কৃষকগন নিঃস্ব এবং আগাম দারিদ্রের কবলে পড়ছিল অন্যদিকে ইউসিসিএ এর কার্যক্রম স্থবির হয়ে পড়েছিল। ইউসিসিএ এর কার্যক্রম সচল করার লক্ষ্যে আবর্তক কৃষিঋণ এবং বিভিন্ন প্রকল্পের মাধ্যমে বিতরণের জন্য ২০০৪-২০০৫ অর্থ বছরে ঘূর্ণায়মান ক্ষুদ্রঋণ তহবিল বাবদ ১১৫.০০ কোটি টাকা বরাদ্দ করা হয়। এছাড়া ইউসিসিএ এর কর্মচারীদের স্যালারী সাপোর্ট বাবদ আরো ৪.৫০ কোটি টাকা প্রদান করা হয়। এর ফলে ইউসিসিএ গুলো সচল হয়েছে এবং সমবায়ী ক্ষুদ্র কৃষকগণ যথাসময়ে চাহিদামত ঋণ পাচ্ছে যা জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

(৪) বৃক্ষরোপন কর্মসূচীঃ জাতীয় বৃক্ষরোপন কর্মসূচীর অংশ হিসেবে সরকার ২০০৪-২০০৫ অর্থবছরে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে এর আওতাধীন দপ্তর/সংস্থার মাধ্যমে মোট ৯২.৪৪ লক্ষ বিভিন্ন বৃক্ষের চারা রোপনের দায়িত্ব প্রদান করে। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এবং সমবায় অধিদপ্তরের সমিতির/সমবায়ীদের নিজস্ব জায়গায়, বসতবাড়ীর আংগীনায়, পুকুর পাড়ে, সমিতির আওতায় রাস্তার দুপাশে, কৃর্তপক্ষের অনুমতিক্রমে স্থানীয় স্কুল, মসজিদ, মন্দির, মাদ্রাসা, কলেজ, ক্লাব, প্রাঙ্গনে এবং বিআরডিবি ও সমবায় অধিদপ্তরের জেলা ও উপজেলা অফিস চত্বরে এসব চারা রোপন করা হয়। বিগত অর্থ বছরে পল্লী উন্নয়ন ও বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার মাধ্যমে বৃক্ষ রোপনের বিবরণী নিম্নরূপঃ

মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/বোর্ড	২০০৪-২০০৫ বছরের রোপিত ও জীবিত বৃক্ষের সংখ্যা							
	ফলজ		বনজ		অন্যান্য		মোট	
	রোপিত	জীবিত	রোপিত	জীবিত	রোপিত	জীবিত	রোপিত	জীবিত
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
বিআরডিবি ঢাকা	২৮৬৬৬৯৬	২৪২৭৭২৭	২১৫০৩১০	২০৫৩৪২২	১৫২৫০১৯	১৩৮৭১৩২	৬৫৪২০২৫	৫৮৬৮২৮১
সমবায় অধিদপ্তর, ঢাকা	১১৬৭৮৮০	৯৫৬৬৩৫	৯৯৫৯২৫	৭৯৯৭৩২	৪৬৯৮৩৭	৩৭৫৬৪০	২৬৩৩৬৪২	২১৩২২০০৭
বার্ড, কুমিল্লা	২১৭৫৪	২১৭৩৫	৯১৪২	৯০৬৯	৩৮৭০	৩৮৭০	৩৪৭৬৬	৩৪৬৭৪
আরডিএ, বগুড়া	১৭৫২৩	১৭১৪০	১৩৫৫২	১২৭৭৬	২১০৮	২০০৯	৩৩১৮৩	৩১৯২৫
সর্ব মোট =	৪০৭৩৮৫৩	৩৪২৩২৩৭	৩১৬৮৯২৯	২৮৭৪৯৯৯	২০০০৮৩৪	১৭৬৮৬৫১	৯২৪৩৬১৬	৮০৬৬৮৮৭

(৫) সমবায় শতবর্ষ উদযাপনঃ তৎকালীন পাক–ভারত উপমহাদেশে সমবায় আন্দোলনের প্রাতিষ্ঠানিক সূচনা হয়েছিল। ইতোমধ্যে সমবায় আন্দোলন শতবর্ষ অতিক্রম করেছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সমবায় শতবর্ষপূর্তি যথাযথভাবে উদযাপন করেছে। বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বিগত ৩১/০৩/২০০৫ইং তারিখে মিরপুর ইনডোর ষ্টেডিয়ামে সমবায় শতবর্ষপূর্তি,২০০৫ অনুষ্ঠানের উদ্বোধন করেন । এ উপলক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমী প্রাঙ্গনে ৭ দিন ব্যাপি আয়োজন করা হয়েছিল সভা, সেমিনার, সাংস্কৃতিক অনুষ্ঠান, রক্তদান কর্মসূচী, সমবায় মেলাসহ বিভিন্ন অনুষ্ঠানমালা। বিভিন্নস্তরের সমবায়ীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে সমবায়ের শতবর্ষ উদযাপন অনুষ্ঠানটি সমবায়ের ইতিহাসে একটি মাইলফলক হয়ে থাকবে।

(৬) সমবায় ব্যাংককে তফসিলী ব্যাংকে রূপান্তর সংক্রান্তঃ জুলাই, ২০০৩ এ সরকার বাংলাদেশ সমবায় ব্যাংককে সমবায় সেক্টরের জন্য একটি তফশিলী ব্যাংক হিসেবে চালু করার নিমিত্তে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করে। সমবায় ব্যাংক একটি তফসিলী ব্যাংকে রূপান্তর প্রক্রিয়া ২০০৪-২০০৫ অর্থ বছরেও অব্যাহত ছিল। বাংলাদেশ সমবায় ব্যাংককে তফশিলী ব্যাংকে রূপান্তর করে বাণিজ্যিক কার্যক্রমের সুযোগ দেয়া হলে সমবায় কৃষি খাতে পুঁজি প্রবাহ সৃষ্টিসহ ক্ষুদ্র ঋণ ব্যবস্থাপনায় নতুন দিগন্তের সূচনা হবে।

(৭) বিসিএস(সমবায়) ক্যাডারের বিদ্যমান মোট পদ অপরিবর্তিত রেখে রাজস্ব বাজেটের উচ্চতর ৩টি স্তরে অস্থায়ীভাবে পদ সৃজনঃ বিসিএস(সমবায়) ক্যাডারে বিভিন্ন স্তরে মোট পদসংখ্যা ১৮৯টি। কিন্তু উচ্চতর স্তরে পদসংখ্যা কম থাকায় পদোন্নতির সুযোগ ছিল তুলনামুলকভাবে কম। এ সমস্যা দূরীকরনের লক্ষ্যে ক্যাডারের বিদ্যমান মোট পদ অপরিবর্তিত রেখে এবং সহকারী নিবন্ধকের ২৩টি পদ বিলুপ্ত করে রাজস্ব বাজেটের উচ্চতর ৩টি স্তরে তেইশটি পদ (অতিরিক্ত নিবন্ধক ১টি, যুগ্ম-নিবন্ধক ৩টি, উপ-নিবন্ধক ১৯টি) অস্থায়ীভাবে সৃজন করা হয়েছে।

(৮) ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন গঠনঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা কর্তৃক পরপর চার পর্যায়ে বাস্তবায়িত 'ক্ষুদ্র কৃষক ও ভূমিহীন শ্রমিক উন্নয়ন কর্মসূচী' শীর্ষক প্রকল্পটির মেয়াদ সমাপনান্তে বিদ্যমান সম্পদ ও দায়দেনাসহ ১৯৯৪ সালের কোম্পানী আইনের আওতায় বাণিজ্য মন্ত্রণালয় হতে 'লাইসেন্স' এবং যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর হতে নিবন্ধন গ্রহণের মাধ্যমে 'ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন' নামে একটি লিমিটেড কোম্পানীতে রুপান্তর করা হয়। পল্লী অঞ্চলে বসবাসরত পরিবারের শতকরা প্রায় ৫৩ ভাগই ক্ষুদ্র কৃষক শ্রেণীভুক্ত। বিদ্যমান দারিদ্র্যায়ন প্রক্রিয়ায় 'ক্ষুদ্র কৃষক' পরিবারসমূহ প্রতিনিয়ত 'ভুমিহীন' পরিবারে পতিত হওয়ার হুমকির সম্মুখীন। এই বিপুল জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন তথা দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে 'ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন' গঠন বর্তমান সরকারের একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম ও সাফল্য হিসাবে বিবেচ্য। ফাউন্ডেশনের আওতায় বর্তমানে কুমিল্লা, চাঁদপুর, ময়মনসিংহ, বগুড়া, বরিশাল, ভোলা, পটুয়াখালী ও বরগুনা জেলার ৩০টি উপজেলায় কার্যক্রম পরিচালিত হচ্ছে। ফাউন্ডেশনের মাধ্যমে ২০০৪-২০০৫ অর্থ বছরে সুফলভোগী সদস্য/সদস্যাগণকে উৎপাদন, কর্মসংস্থান ও আয়বৃদ্ধিমূলক কার্যক্রমে

২৩৫.৫৩ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয় এবং একই সময়ে ৩৪১.১২ লক্ষ টাকার ঋণ আদায় করা হয়। ফাউন্ডেশনের বর্তমান সুফলভোগী সংখ্যা ৪৫,১৮৬ জন এবং এর শতকরা ৫১ ভাগ মহিলা। চলতি (২০০৫-২০০৬) অর্থ বছরে ফাউন্ডেশনের কার্যক্রম আরো ৩০টি উপজেলায় সম্প্রসারণ করা হবে।

(৯) **উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তিঃ** ২০০৪-২০০৫ অর্থ বছরে অত্র বিভাগের আওতাধীন বিভিন্ন সংস্থার বিরুদ্ধে মোট ৪৪৮৯টি অডিট আপত্তি উত্থাপিত হয় এর বিপরীতে নিষ্পত্তি হয় ৩১২৩টি। উত্থাপিত অডিট আপত্তির সাথে মোট আর্থিক সংশ্লেসের পরিমান ৩৮০৮.০০ লক্ষ টাকা।

(১০) মাসিক সমন্বয় সভাঃ এ বিভাগ এবং অধীনস্থ সংস্থাসমূহের কাজের মধ্যে সমন্বয়সাধন এবং কাজের অগ্রগতি ত্বরান্বিত করায় বিগত (২০০৪-২০০৫) অর্থ বছরে এ বিভাগে ১২টি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

(১১) মাসিক এডিপি পর্যালোচনা সভাঃ এ বিভাগ এবং এর অধীনস্থ সংস্থাসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রম পর্যালোচনা এবং ত্বরান্বিত করার লক্ষ্যে ২০০৪-২০০৫ অর্থ বছরে এ বিভাগে সর্বমোট ১২টি এডিপি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এ সকল সভায় প্রকল্পে অগ্রগতি পর্যালোচনা, বাস্তবায়ন সমস্যা চিহ্নিত করে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করা হয়। ফলশ্রুতিতে বিগত অর্থ বছরে এ বিভাগের এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের (৯২%) অগ্রগতি উলেখযোগ্য হারে বৃদ্ধি পায়।

(১২) প্রশিক্ষণঃ ২০০৪-২০০৫ অর্থ বছরে এ বিভাগ এবং এর অধীনস্থ সংস্থাসমূহের উলেখযোগ্য সংখ্যক কর্মকর্তা তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্য দেশে ও বিদেশে বিভিন্ন মেয়াদ স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ কোর্সে গ্রহণ করেছেন।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সাংগঠনিক কাঠামোঃ

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্থ সংস্থাসমূহঃ-

ক) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি);
খ) সমবায় অধিদপ্তর;
গ) বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা;
ঘ) পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া ।

অন্যান্য দপ্তর ও প্রতিষ্ঠানসমূহঃ

(১) বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইন্সটিটিউট, খাদিমনগর, সিলেট;
(২) বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন প্রশিক্ষণ কমপ্লেক্স, কোটালীপাড়া, গোপালগঞ্জ;
(৩) নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, নোয়াখালী;
(৪) টাংগাইল পল্লী উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ, টাংগাইল্;
(৫) বাংলাদেশ সমবায় একাডেমী, কুমিল্লা;
(৬) আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, মুক্তাগাছা;
(৭) আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, মৌলভীবাজার;
(৮) আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, ফেনী;
(৯) আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, রংপুর;
(১০) আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, খুলনা;
(১১) আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, ফরিদপুর;
(১২) আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, বরিশাল;
(১৩) আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, নওগাঁ;
(১৪) আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, কুষ্টিয়া ।

বিআরডিবি'র কার্যক্রম

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) পল্লীর জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে নিয়োজিত দেশের একক বৃহত্তম সরকারী প্রতিষ্ঠান। ষাটের দশকে উদ্ভাবিত কুমিল্লা সমবায়ের প্রাতিষ্ঠানিক কাঠামো কুমিল্লা জেলা সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচী (সিডিআইআরডিপি), সত্তরের দশকের সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচী (আইআরডিপি) আশির দশকে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) নামে প্রাতিষ্ঠানিক স্বীকৃতি লাভ করে। ১৯৮২ সনে একটি অর্ডিনেন্সের মাধ্যমে আইআরডিপি'কে বোর্ডে রূপান্তরিত করা হয়। বোর্ডের নীতি নির্ধারণ, কার্যক্রম পরিবীক্ষণ ও তদারকীর জন্য ২১ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা কমিটি রয়েছে। বোর্ডের কাঠামোতে ৫টি বিভাগ রয়েছে। যেমন- (১) সরেজমিন, (২) পরিকল্পনা, মূল্যায়ন ও পরিবীক্ষণ, (৩) প্রশিক্ষণ, (৪) প্রশাসন ও (৫) অর্থ ও হিসাব বিভাগ। জেলা পর্যায়ে এক জন উপ-পরিচালক, উপজেলা পর্যায়ে পল্লী উন্নয়ন অফিসার তাদের অধিনস্ত কর্মকর্তা/কর্মচারীর মাধ্যমে বোর্ডের কার্যক্রম মাঠে বাস্তবায়ন করে।

২। বিআরডিবি'র দায়িত্ব ও কার্যাবলীঃ

বিআরডিবি দেশের ৪৬৫টি উপজেলায় ৬৬০টি কেন্দ্রীয় সমিতির মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি ও আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের মাধ্যমে দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন ও উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করছে। আশির দশকের শুরুতে রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমানের বলিষ্ঠ নেতৃত্ব ও দিক নির্দেশনার আলোকে বিআরডিবি পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে ত্রি-বিধ দায়িত্ব গ্রহণ করে, যা নিম্নরূপঃ-

ক) কৃষি ও কৃষকের উন্নয়নের জন্য দ্বি-স্তর সমবায় কার্যক্রম;
খ) উন্নয়নমূলক প্রকল্প/কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে দারিদ্র বিমোচন;
গ) আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের মাধ্যমে নারীর উন্নয়ন ও ক্ষমতায়ন।

পল্লী এলাকার কৃষক, ক্ষুদ্র ও বর্গাচাষী, বিত্তহীন পুরুষ ও মহিলাদেরকে সমবায় সমিতি, অনানুষ্ঠানিক দলে সংগঠিত করে বোর্ড তার উন্নয়ন কর্মকান্ড পরিচালনা করছে। সংগঠিত সমবায় সমিতি/দলের সদস্য/সদস্যাদের ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে নিজস্ব পুঁজিগঠন, সেচ উপকরণ সরবরাহ, আধুনিক কৃষি প্রযুক্তি সম্পর্কে প্রশিক্ষণ, কৃষি ও ক্ষুদ্র ঋণ প্রদান, আত্ন কর্মসংস্থানমূলক প্রকল্পের জন্য আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডভিত্তিক প্রশিক্ষণ প্রদানে বোর্ড অগ্রণী ভূমিকা পালন করছে। এছাড়াও পরিবার পরিকল্পনা, বয়স্ক শিক্ষা, নারীর অধিকার, বনায়ন ও নার্সারী, উন্নত চুল্লীর ব্যবহার এবং ভৌত অবকাঠামোগত উন্নয়নে অংশীদারিত্ব মূলক কর্মকান্ডে অংশগ্রহণ করে বোর্ড দারিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন কাজ ত্বরান্বিত করছে।

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এর অবর্তমানে এবং অস্থিতিশীল আর্থ-সামাজিক অবস্থার কারণে বিআরডিবির সার্বিক কার্যক্রমে স্থবিরতা দেখা দেয়। রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা ও সরকারী দিক নির্দেশনার অভাবে এই প্রতিষ্ঠানটির ঝিমিয়ে পড়া কার্যক্রমে নতুন মাত্রা যোগ হয় ২০০১ সালে বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর। মাননীয় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় পরিদর্শনকালে বিআরডিবির সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনার জন্য ২০০.০০ কোটি টাকার বিশেষ বরাদ্দ ঘোষণা করেন। মানব সম্পদ উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টিসহ দারিদ্র্য বিমোচনের গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলোতে বিআরডিবি নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বিআরডিবি'র মূল কর্মসূচী ঃ ২০০৪-২০০৫ অর্থ বছরে বিআরডিবি'র মূল কর্মসূচীর আওতায় ৭৪২টি নতুন কৃষক সমবায় সমিতি গঠন করা হয়েছে যাতে নতুন সদস্য ভর্তি হয়েছে ৩৪৫৭১ জন। সঞ্চয় ও শেয়ার জমার পরিমান যথাক্রমে ৬৯০.১৮ লক্ষ টাকা ও ৮৩১.৪৪ লক্ষ টাকা। আলোচ্য সময়ে কৃষি ঋণ হিসেবে বিতরণের পরিমান ছিল ১০১৮৪.৪২ লক্ষ টাকা এবং এর বিপরীতে আদায় হয়েছে ৬২৯২.১৬ লক্ষ টাকা। বিগত ৩ বছর বিআরডিবি'র মূল কর্মসূচীর কাজের অগ্রগতি নিম্নরূপঃ

ক্রঃনং	কার্যক্রম	২০০২-২০০৩	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	মোট
১	ইউসিসিএ গঠন	-	-	-	৪৫০ টি
২	কৃষক সমবায় সমিতি গঠন	২৮৯	৫৭৯	**৭৪২**	৫৯,৯৫৯ টি
৩	সদস্য (কেএসএস) ভর্তি	১১,৯৭২	২৮,৮৯৫	**৩৪,৫৭৪**	২১,০৪,৯১১ জন
৪	শেয়ারজমা (কেএসএস) (লক্ষ টাকা)	১০৩.৮৩	২২২.৬৩	**৭৬৩.৯৩**	৪,৩৬৭.০৮
৫	সঞ্চয় জমা (কেএসএস) (লক্ষ টাকা)	৩৪৭.৪০	৩৮১.৩৬	**৬৯০.১৮**	৬,৩৬৭.৫৯
৬	কৃষি ঋণ বিতরণ (লক্ষ টাকা)	৩,৩৪৮.২৭	২,৬১৪.০০	**১০,১৮৪.৪২**	১,০৭,৫৯৬.৪২
৭	কৃষি ঋণ আদায় (লক্ষ টাকা)	৫,৩৬৫.৬০	৪,৪০২.০৭	**৫,৮২৫.৯২**	৮৪,৭৬৩.০১
৮	কৃষি ঋণ আদায়ের হার	৮৫%	৬২%	**৫২%**	৮৬%

বিঃদ্রঃ বন্যাজনীত কারণে সরকারী সিদ্ধান্ত মোতাবেক কৃষি ঋণ আদায় স্হগিত থাকায় আদায় কম হয়েছে।

তাছাড়া এ পর্যন্ত বিআরডিবির আওতায় ১৮৪৬০টি গভীর নলকুপ, ৪৪৫২৩টি অগভীর নলকুপ, ১৯৪০৫টি শক্তিচালিত পাম্প ও ২৭৩০০০টি হস্তচালিত পাম্প স্হাপন / বিতরণ করা হয়েছে।

বিআরডিবি'র সমপ্রসারন কর্মকান্ড ঃ বিআরডিবির সম্প্রসারন শাখা কর্তৃক বিগত তিন বছরে সম্পাদিত বিভিন্ন সম্প্রসারন কর্মকান্ডের অগ্রগতি নিম্নরুপঃ

ক্রঃ	কার্যক্রম	২০০২-২০০৩	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	মোট
১।	বৃক্ষরোপন(গাছের চারা রোপন)	১১৪.৮৬ লক্ষ	১৬২.৫০ লক্ষ	৬৫.৪২ লক্ষ	৩৪২.৭৮ লক্ষ
২।	মৎস্য চাষ উন্নয়ন (মাছের পোনা ছাড়)	১,০২৫.৩০ লক্ষ	৯৮৫.৪০ লক্ষ	৯৪.৫৫ লক্ষ	২,১০৫.২৫ লক্ষ
৩।	গৃহপালিত পশু পাখির টিকাদান	১৫৮.৮২ লক্ষ	১৩০.৫৪ লক্ষ	১১৫.২৪লক্ষ	৪০৪.০৬ লক্ষ
৪।	জলাবদ্ধ পায়খানা স্হাপন	১০,৮৯২ টি	১,৩০,৯১৮ টি	১,০৫,৯৮০টি	২,৪৭,৭৯০ টি
৫।	উন্নত চূলা তৈরী ও সম্প্রসারন (চূলা তৈরী ও ব্যবহার)	১৩,৮৪০ টি		১৬,৬২০টি	৪৫৭৪২ টি
৬।	নারিকেল চারা রোপন কর্মসূচী	-	৫,৫০,৪৭৩টি	-	৫,৫০,৪৭৩ টি
৭।	শ্রীলংকান টলভ্যারাইটি নারিকেল চারা রোপন	-	-	২০০টি	২০০ টি

৩।   **বিআরডিবি'র বাস্তবায়িত/বাস্তবায়নাধীন প্রকল্পসমূহঃ**

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড তার মূল কার্যক্রমের পাশাপাশি এডিপি'র মাধ্যমে বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে দেশের দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। তাছাড়া বোর্ড বিভিন্ন মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পের/ কর্মসূচীর অংশগ্রহণকারী প্রতিষ্ঠান হিসেবেও কাজ করছে। বিআরডিবি'র উলেখযোগ্য প্রকল্প/কর্মসূচীসমূহ নিম্নরূপঃ

(১) **পল্লী জীবিকায়ন প্রকল্পঃ** মোট ৩৪৫০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি ১৪৪৯৩.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ২০০০৭.০০ লক্ষ টাকা) এশীয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহায়তায় বৃহত্তর রাজশাহী, পাবনা, কুষ্টিয়া, যশোর, ঢাকা, সিলেট, চট্টগ্রাম জেলার ১৫২টি উপজেলায় পল্লী জীবিকায়ন প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে সুফলভোগীদের আনুষ্ঠানিক দলে সংগঠিত করে ইউসিসিএ এর অবকাঠামোগত উন্নয়ন, ঋণ প্রদান ও সুফলভোগীদের আত্নকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন। প্রকল্পটির প্রধান প্রধান অংগ সমূহ হচ্ছে (১) ইউসিসিএ এর মাধ্যমে গ্রুপ গঠন (২) সঞ্চয় (৩) ক্ষুদ্রঋণ (৪) প্রশিক্ষণ (৫) ইউসিসিএ ভবনের অবকাঠামো উন্নয়ন।

বিগত ৩ (তিন) অর্থ বছরে পল্লী জীবিকায়ন প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের অগ্রগতি নিম্নরূপঃ

কর্মকান্ডের নাম/বিবরন	২০০২-২০০৩	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	ক্রমপুঞ্জিত
সমিতি গঠন(সংখ্যা)	১,৭৬১	৮৩৮	১,১৮৯	১৬,২২৯ টি
সদস্য অন্তভূক্তি (জন)	৬৯,৪৪৭	২৭,৯৩৪	৪৩,৫৮৭	৪,৯৯,৪৯০ জন
সঞ্চয় জমা(লক্ষ টাকা)	৪৯৫.৬৬	৫৬২.৪১	৫৭২.২২	১,৬৩০.২৯
ঋণ বিতরন(লক্ষ টাকা)	১১,৫৬৩.১২	১,৪২৪১.৮৯	১৫,৭০২.০১	৪১,৫০৭.০২
আদায় যোগ্য ঋণ (লক্ষ টাকা)	১০,৬২২.৪৭	১৪,৪২৫.৫০	১৭,১৩৭.৮৩	৪২,১৮৫.৮০
ঋণ আদায় (লক্ষ টাকা)	৯,০৪২.৮১	১২,৩৮৮.৫৫	১৩,৯৭৮.৬২	৩৫,৪০৯.৯৮
ঋণ আদায়ের হার	৮৫%	৮৬%	৮২%	৮৪%
প্রশিক্ষন (উপকারভোগী ও মৌলিক)	৫৬,৩৭৩	৭৫,১১৪	৬৪,৮৯৩	১৯,৬৩৮০ জন

(২) **পল্লী দারিদ্র বিমোচন কর্মসূচী (পদাবিক)ঃ** পল্লী দারিদ্র বিমোচন কর্মসূচী (পদাবিক) সরকারী অর্থায়নে বাপউবো'র আওতায় বাস্তবায়নাধীন একটি সফল প্রকল্প। ১৯৯৩ সালের ১লা জুলাই হতে এই প্রকল্পটির কার্যক্রম শুরু হয়েছে। বর্তমানে দেশের ১২৩টি উপজেলায় এই প্রকল্পের কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। জুন ২০০৫ এ প্রকল্পটি সমাপ্ত হয়েছে। প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ১৭,০৬৬.০০ লক্ষ টাকা। প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে দরিদ্র ও ভূমিহীন জনগোষ্ঠীকে অনানুষ্ঠানিক (মহিলা/পুরুষ) দলে সংগঠিত করে ঋণ প্রদানের মাধ্যমে দারিদ্র বিমোচন। বিগত জুন, ২০০৫ পর্যন্ত প্রকল্প এলাকার ১৫,৯১০ টি দলের ৪১৬.৬৫৫ জন সদস্য/সদস্যাদের স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে আয় বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়নে এ প্রকল্প প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রভাব রেখেছে। বিশেষ করে ২,৭৩,০৪৫ জন মহিলা সদস্য তাদের আয় বৃদ্ধি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দেশের জিডিপি বৃদ্ধিতে প্রত্যক্ষ ভূমিকা পালন করছে।

বিগত ৩ অর্থ বছরে পল্লী দারিদ্র্য বিমোচন কর্মসূচীর আওতায় সম্পাদিত কাজের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

কর্মকান্ডের নাম/বিবরন	২০০২-২০০৩	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	মোট
সমিতি গঠন(সংখ্যা)	৬৩৪	৯৯৭	১,১১৯	২,৭৫০ টি
সদস্য অন্তভূক্তি (জন)	২৯,৬৭১	৪৩,১৬১	৪৭,৫৪৬	৭২,৮৩২ জন
সঞ্চয় জমা(লক্ষ টাকা)	৮২৪.৪৪	১,১১০.৪৭	৯২৪.৭৭	২,৮৫৯.৬৮
ঋণ বিতরন(লক্ষ টাকা)	৭,৬৯৩.৪৬	৯,১০২.৪৯	১১,৬০২.১৭	২৮,৩৯৮.১২
ঋণ আদায় যোগ্য (লক্ষ টাকা)	৮,৬৯৩.৯০	১০,১৭০.৩৫	১১,১৭০.৪৪	৩০,০৩৪.৬৯
ঋণ আদায় (লক্ষ টাকা)	৭,৯৬৬.০৪	৮,৬৩৯.০২	৯,৪০৫.১৬	২৬,০১০.২২
ঋণ আদায়ের হার	৯২%	৮৫%	৮৪%	৮৭%
প্রশিক্ষন (উপকারভোগী)	৪২,৩৬৪	৬০,৮২৫	৩৮,৪০০	১,৪১,৫৮৯ জন

(৩) **পল্লী প্রগতি প্রকল্পঃ** পল্লী প্রগতি প্রকল্পটি (পপ্রপ্র) সম্পূর্ণভাবে বাংলাদেশ সরকারের আর্থিক সহায়তায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন একটি দারিদ্র্য বিমোচনমূলক প্রকল্প। প্রকল্পটি দেশের ৪৬৫টি উপজেলার প্রতিটিতে একটি করে ইউনিয়নে অর্থাৎ মোট ৪৬৫টি ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৪,১০৭,৩৭ লক্ষ টাকা। এর মধ্যে ক্ষুদ্র ঋণ/ক্ষুদ্র উদ্যোগ ঋণ বাবদ বরাদ্দ রাখা হয়েছে ১১,৫০০.০০ লক্ষ টাকা। প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই, ২০০০ - জুন, ২০০৭ পর্যন্ত। প্রকল্পের মূল উদেশ্য হচ্ছে- ক্ষুদ্র ঋণ /ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ প্রদানের মাধ্যমে পল্লী এলাকার দারিদ্র্য বিমোচন করা এবং নারীর ক্ষমতায়নের মাধ্যমে সকল কর্মকান্ডে মহিলাদের অংশ গ্রহন নিশ্চিত করা।

বিগত অর্থ বছরে পল্লী প্রগতি প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের অগ্রগতি নিম্নরূপঃ

কর্মকান্ডের নাম/বিবরন	২০০২-২০০৩	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	মোট
সমিতি গঠন(সংখ্যা)	২,৬৮৫	৩,৫৭৩	৬২৯	৬,৮৮৭ জন
সদস্য অন্তভূক্তি (জন)	৬৩,৪২৯	৯০,৫৮৩	১৫,৬৮৩	১,৬৯,৬৯৫ জন
সঞ্চয় জমা(লক্ষ টাকা)	৯.৩৯	২৪৩.১০	২৫৭.২৬	৫০৯.৭৫
ঋণ বিতরন(লক্ষ টাকা)	১৪৬.৬২	৩,৪৫৭.০৬	৪,৭৫৫.৪৪	৮,৩৫৯.১২
ঋণ আদায় যোগ্য (লক্ষ টাকা)	-	১,৫৫৫.৯৪	৩,৬৩০.৫৮	৫,১৮৬.৫২
ঋণ আদায় (লক্ষ টাকা)	-	১,২৮৬.০৭	৩,২৮৮.২২	৪,৫৭৮.৮৮
ঋণ আদায়ের হার	-	৮৩%	৯১%	৮৮%
প্রশিক্ষন (অবহিতকরণ)	১,০০০	৬৪,৮৬৪	৭,০০০	৭২,৮৬৪

(৪) **লিংক মডেল গ্রাম উন্নয়ন প্রকল্প ঃ** জাইকার আর্থিক সহায়তায় ৯৩৯.৮৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (৫৮.৭২ লক্ষ টাকা জিওবি এবং ৮৮১.১৫ লক্ষ টাকা প্রকল্প সাহায্যে) টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলায় এপ্রিল, ২০০০ - জুন ২০০৪ মেয়াদে "পার্টিসিপেটরী রুরাল ডেভেলপমেন্ট (পিআরডিপি)" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়িত হয়। প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল (১) যোগাযোগ, সহযোগিতা ও সমন্বয় বৃদ্ধি ও জোরদার করনের মাধ্যমে জবাবদিহীতা ও সচ্ছতা নিশ্চিতকরন; (২) স্থানীয় সম্পদের সুষ্ঠ ব্যবহার নিশ্চিতকরন ও সামাজিক পূঁজি গঠনে সহায়তা প্রদান; (৩) সেবা প্রদানকারী ও সেবা গ্রহণকারী পক্ষ সমূহের মধ্যে সমান্তরাল ও রৈখিক যোগাযোগ সৃষ্টি ও জোরদারকরন; (৪) সমাজের জনগণ কর্তৃক ক্ষুদ্র ক্ষুদ্রঅবকাঠামো স্কীমের পরিকল্পনা প্রণয়ন এবং আর্থিক ও ব্যক্তিগত ভাবে অংশগ্রহনের মাধ্যমে বাস্তবায়ন।

জাইকার আর্থিক সহায়তায় জুন ২০০৫ হতে ৫ বছর মেয়াদী "পার্টিসিপেটরী রুরাল ডেভেলপমেন্ট- ২য় পর্যায়" প্রকল্প গ্রহনের বিষয়টি প্রক্রিয়াধীন থাকায় এবং সমাপ্ত ১ম পর্যায়ের প্রকল্পে সৃষ্ট কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষার জন্য ২০০৪-২০০৫ র্অথ বছরে ৬৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যায়ে ১ বছর মেয়াদী " লিংক মডেল গ্রাম উন্নয়ন " শীর্ষক প্রকল্পটি গ্রহন করা হয়। ১ম পর্যায়ের প্রকল্পের কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষা এবং ২য় পর্যায়ের প্রকল্প গ্রহনের ক্ষেত্রে " লিংক মডেল গ্রাম উন্নয়ন " শীর্ষক প্রকল্পের সফল বাস্তবায়ন গুরুত্বপূর্ন ভূমিকা রেখেছে। ।

(৫) <u>এ্যাডভোকেসী অন রিপ্রোডাক্টিভ হেল্‌থ এ্যান্ড জেন্ডার ইস্যুজ থ্রো রুরাল কোঅপারেটিভসঃ</u>
পল্লী সমবায়ের মাধ্যমে প্রকল্পভূক্ত এলাকার একটি বৃহৎ জনগোষ্ঠির জন্য গ্রহণযোগ্য, সহজবোধ্য, সুসমন্বিত পরিবার কল্যাণমূলক শিক্ষা ও পরিবার পরিকল্পনা উদ্ধুদ্ধকরণ কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন এর উদ্দেশ্যে জাতিসংঘ জনসংখ্যা তহবিল (ইউএনএফপিএ) এর আর্থিক সহায়তায় ১৪৫.০০ লক্ষ টাকা (সম্পূর্নটাই প্রকল্প সাহায্য) প্রাক্কলিত ব্যায়ে জানুয়ারী ২০০৩ হতে ডিসেম্বর, ২০০৫ তিন বছর মেয়াদে দেশের ৫৯টি জেলার ২৯৯টি উপজেলায় "এ্যাডভোকেসী অন রিপ্রোডাকটিভ হেলথ এন্ড জেন্ডার থ্রো রুরাল কোঅপারেটিভ" শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

বিগত ৩ (তিন) অর্থ বছরে এ্যাডভোকেসি অন রিপ্রোডাক্টিভ হেলথ এ্যান্ড জেন্ডার ইস্যুজ থ্রো রুরাল কোঅপারেটিভস প্রকল্পের অগ্রগতি নিম্নরুপঃ

কর্মকান্ডের বিবরণ	২০০২-২০০৩		২০০৩-২০০৪		২০০৪-২০০৫		মোট	
	লক্ষ্যমাত্রা	অগ্রগতি	লক্ষ্যমাত্রা	অগ্রগতি	লক্ষ্যমাত্রা	অগ্রগতি	লক্ষ্যমাত্রা	অগ্রগতি
নীতি নির্ধারকগনের সেমিনার	-	-	২৫	-	২৫	২৫ ১০০%	২৫	২৫ ১০০%
পাঠ্যসূচী ও প্রশিক্ষণ সামগ্রী প্রনয়ন ও পর্যালোচনা কর্মশালা	-	-	২০	-	২০	২০ ১০০%	২০	২০ ১০০%
রিভিউ ও মনিটরিং	৭৪৭৫	৭৪১১ ৯৯%	৪০৮০০	৪০৭৬০ ৯৯.৯০%	১৯০০০	১৮৯৮০ ৯৯.৮৯%	৬৭২৭৫	৬৭১৫১ ৯৯.৮১%
স্বদেশে ষ্ট্যাডি টুর	-	-	২৯৯	২৪০ ৮০%	৩৫০	৩৭০ ১০৫%	৬৪৯	৬১০ ৯৩.৯৯%
প্রজনন স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ	১৩০০	১৪৭৩ ১১৩%	১২৬২০	১২৫১৭ ৯৯%	১০০০০	৯৯০০ ৯৯%	২৩৯২০	২৩৮৯০ ৯৯.৮৭%
জাতীয় স্টিয়ারিং কমিটির সভা	২	-	৬	৫ ৮৩%	৪	১ ২৫%	১২	৬ ৫০%
কম্পিউটার প্রশিক্ষণ	-	-	-	-	৩	৩ ১০০%	৩	৩ ১০০%

(৬) **বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনষ্টিটিউট (বিআরডিটিআই), খাদিম নগর, সিলেটঃ** বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনষ্টিটিউট (বিআরডিটিআই), খাদিমনগর, সিলেট এর বিদ্যমান ভৌত অবকাঠামো সম্প্রসারণ, নতুন অবকাঠামো সৃষ্টি এবং প্রশিক্ষণ সুবিধাদি বৃদ্ধির মাধ্যমে ইনষ্টিটিউটকে আরো শক্তিশালী করা এবং ইনষ্টিটিউটে অধিক হারে প্রশিক্ষণ ও গবেষণা কর্মকান্ড পরিকল্পনার লক্ষ্যে মোট ৫৬১.৬৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০০ জুন, ২০০৪ মেয়াদে একটি প্রকল্প বাস্তবায়ন করা হয়। পরবর্তীতে বিআরডিটিআই ক্যাম্পাসে ৬০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম নির্মানের নিমিত্তে ৫.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নের জন্য একটি কর্মসূচী গ্রহণ করা হয়। ২০০৩-২০০৪ অর্থ বছরে অডিটরিয়াম নির্মাণ কর্মসূচীর জন্য সরকারের রাজস্ব খাত হতে অনুদান হিসেবে ২০০.০০ লক্ষ টাকা পাওয়া যায়। অডিটোরিয়াম নির্মাণ কাজ চলছে।

(৭) **সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক)ঃ** বাংলাদেশ সরকারের দারিদ্র বিমোচন উদ্যোগ ও প্রচেষ্টার অংশ হিসেবে বিভিন্ন সরকারী এবং বেসরকারী উদ্যোগের পাশাপাশি সম্পূর্ণ সরকারী অর্থানুকূল্যে রাজস্ব বাজেটের আওতায় এ কর্মসূচীটি বাস্তবায়নের দায়িত্ব বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর উপর অর্পিত হয়েছে। দেশের ১৭টি জেলার অধীনস্থ ১৩৯টি উপজেলার ১৩২৭টি ইউনিয়নে সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক) এর কার্যক্রম গত ১লা জুলাই, ২০০৩ তারিখ থেকে শুরু হয়েছে।

কর্মসূচীর উদ্দেশ্যেঃ পল্লী এলাকার বিত্তহীন জনগোষ্ঠিকে (পুরুষ ও মহিলা) অনানুষ্ঠানিক দলভূক্ত করে আত্নকর্মসংস্থান সৃষ্টি, জীবন যাত্রার গুনগত মান উন্নয়ন, প্রশিক্ষণ ও নিজস্ব সঞ্চয় জমার মাধ্যমে সহায়ক পুঁজি গঠন, আয়বর্ধনমূলক কর্মকান্ডভিত্তিক ঋণ কার্যক্রম পরিচালনা, মানব সম্পদ উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ, মহিলাদের সচেতনতা ও ক্ষমতায়নের সুযোগ সৃষ্টি ও আস্থা বৃদ্ধি করাই কর্মসূচীর মুল উদ্দেশ্য।

কার্যক্রমঃ এ কর্মসূচীর জন্য ২০০৪-২০০৫ অর্থ বছরে ছাড়কৃত ক্ষুদ্র ঋণ তহবিলের ২৮.১৫ কোটি টাকা উপজেলা পর্যায়ে কর্মসূচীর সুফলভোগীদের মধ্যে বিতরণ করা হয়েছে। বিগত ২ (দুই) বছরে কর্মসূচীর অগ্রগতি নিম্নরুপঃ

কর্মকান্ডের নাম/বিবরন	২০০৩-০৪	২০০৪-০৫	মোট
সমিতি গঠন(সংখ্যা)	৭৭৩	১৭৫৬	২৫২৯
সদস্য অন্তভূক্তি (জন)	১৮১৫১	৪০৬৯৭	৫৮৮৪৮
সঞ্চয় জমা(লক্ষ টাকা)	১৫.২৭	২২৬.১৪	২৪১.৪১
ঋণ বিতরন(লক্ষ টাকা)	৩০৬.৬০	২৮১৫.০০	৩১২১.৬০
ঋণ আদায় যোগ্য (লক্ষ টাকা)	১২.৫৭	১০৬৪.৩৫	১০৭৬.৯২
ঋণ আদায় (লক্ষ টাকা)	১১.৭৪	১০২৩.৪৪	১০৩৫.১৮
ঋণ আদায়ের হার	৯৩.৪০%	৯৬.১৬%	৯৬.১২%
প্রশিক্ষন	-	-	-

(৮) **দারিদ্র্য বিমোচনে মহিলাদের আত্নকর্মসংস্থান কর্মসূচী (দাবিমআক)ঃ** মহিলা জনগোষ্ঠির বিশেষ করে দরিদ্র ও দুস্থ মহিলাদের সামাজিক ও আর্থিক ক্ষমতায়ন করে তাদের দারিদ্র বিমোচন ও জীবন যাত্রার মান উন্নয়নের লক্ষ্যে জুলাই, ১৯৯৮ থেকে জুন, ২০০৩ পর্যন্ত বৃহত্তর যশোর জেলার (যশোর, নড়াইল, ঝিনাইদহ ও মাগুড়া) ২১টি উপজেলায় দরিদ্র মহিলাদের জন্য আত্নকর্মসংস্থান (দমআক) প্রকল্পটি বাংলাদেশ সরকারের অর্থায়নে বাস্তবায়িত হয়। প্রকল্পটি সমাপ্তির পর জুলাই, ২০০৩ হতে বৃহত্তর পরিসরে দেশের ৬৩টি জেলার ৩৪৯টি উপজেলায় রাজস্ব বাজেটের আওতায় দারিদ্র বিমোচনে মহিলাদের আত্ন-কর্মসংস্থান কর্মসূচী বাস্তবায়িত হচ্ছে। দরিদ্র ও দুঃস্থ মহিলাদের সামাজিক ও আর্থিক ক্ষমতায়ন, দারিদ্র বিমোচন ও জীবন যাত্রার গুণগত মানোন্নয়নই কর্মসূচীটির মূল উদ্দেশ্য। এ কর্মসূচীতে সরকারের রাজস্ব খাত থেকে শুধুমাত্র আবর্তক ঋণ বাবদ অর্থ বরাদ্দ পাওয়া যায়। ঋণের সেবামূল্য হতে এই কর্মসূচীর জনবলসহ অন্যান্য পরিচালনা ব্যয় নির্বাহ করা হয়। ২০০৪-২০০৫ অর্থ বছরে ঋণ তহবিল খাতে মোট বরাদ্দ ছিল ৩০.০০ কোটি টাকা। তন্মধ্যে প্রাপ্তি ২৮.৫০ কোটি যার পুরোটাই ঋণ কার্যক্রমে ব্যয় করা হয়েছে।

বিগত ২ (দুই) বছরে) দারিদ্র বিমোচনে মহিলাদের আত্নকর্মসংস্থান (দাবিমআক)কর্মসূচীর অগ্রগতি নিুরুপঃ

কর্মকান্ডের নাম/বিবরণ	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	মোট
সমিতি গঠন(সংখ্যা)	২১৩১	৩৬০২	৫৭৩৩ টি
সদস্য অন্তভূক্তি (জন)	৩৫২৭৩	৮০৬৪২	১১৫৯১৫ জন
সঞ্চয় জমা(লক্ষ টাকা)	১৯.০৮	২৯০.১৯	৩০৯.২৭
ঋণ বিতরন(লক্ষ টাকা)	৯৭৬.০০	২৯১৭.৭২	৩৮৯৩.৭২
ঋণ আদায় যোগ্য (লক্ষ টাকা)	-	১০৩২.০০	১০৩২.০০
ঋণ আদায় (লক্ষ টাকা)	-	৮৮৩.২৯	৮৮৩.২৯
ঋণ আদায়ের হার	-	৮৫.৫৯%	৮৫.৫%
প্রশিক্ষন	-	৫৬০	৫৬০ জন

(৯) ক্ষুদ্র কৃষক ও বর্গা চাষী উন্নয়ন প্রকল্পঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড শুরু থেকেই ক্ষুদ্র কৃষক ও প্রান্তিক চাষীদের গ্রাম ভিত্তিক কৃষক সমবায় সমিতির মাধ্যমে কৃষি উন্নয়নে ব্যাপক সাড়া জাগাতে সক্ষম হয়। কিন্তু অভিজ্ঞতায় দেখা যায় যে, প্রায় প্রতিটি গ্রামেই ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের পাশাপাশি উলেখযোগ্য সংখ্যক চাষী অন্যের জমি চাষ করে যাদেরকে বর্গাচাষী বলা হয়। দেশের মোট চাষীর তুলনায় অনুরূপ চাষীদের সংখ্যা প্রচুর হলেও এদের প্রাতিষ্ঠানিক ঋণসহ অন্যান্য সুযোগ সুবিধা না থাকায় গত দশকের (১৯৯০-২০০০) প্রথমার্ধ থেকে ক্ষুদ্র কৃষক বর্গাচষীদের প্রতিষ্ঠানিক সুবিধা প্রদানের লক্ষ্যে একটি প্রকল্প গ্রহণের চিন্তা-ভাবনা শুরু হয়। প্রথমে বার্ষিক উন্নয়ন কর্মসূচী অন্তর্ভূক্ত করে একটি প্রকল্প গ্রহণ করা হয়। পরবর্তীতে সরকার বার্ষিক উন্নয়ন কর্মসূচীর পরিবর্তে রাজস্ব বাজেটের আওতায় "ক্ষুদ্র কৃষক ও বর্গাচাষী উন্নয়ন কর্মসূচী" বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করে। তিন বছর মেয়াদী এ কর্মসূচীর কার্যক্রম ২০০৩-২০০৪ আর্থিক বছরের শেষ প্রান্তিক থেকে হয়।

প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে প্রকল্প এলাকার ক্ষুদ্র কৃষক ও বর্গাচাষীগণের কৃষি উৎপাদন ও আয় বৃদ্ধি, আত্ন-কর্মসংস্থান সৃষ্টি ও টেকসই উন্নয়নের মাধ্যমে দারিদ্র বিমোচন। প্রকল্পটির প্রধান প্রধান অংগ হচ্ছেঃ (১) সংগঠন, (২) সঞ্চয়, (৩) ক্ষুদ্রঋণ, (৪) আয়বর্ধনমূলক কর্মকান্ড এবং (৫) আর্থ-সামাজিক উন্নয়নে সেবা ও সহায়তা প্রদান।

২০০৪-২০০৫ অর্থ বছরে কর্মসূচীর আওতায় ক্ষুদ্র কৃষক ও বর্গাচষীদের মাঝে ৩০.৫০ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিগত ২ (দুই) অর্থ বছগুলর ক্ষুদ্র কৃষক ও বর্গাচাষী উন্নয়ন কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপঃ

কর্মকান্ডের নাম/বিবরন	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	মোট
সমিতি গঠন(সংখ্যা)	১১৮৪	৪২৬৭	৫৪৫১
সদস্য অন্তভূক্তি (জন)	২৬৪৫৪	৯৩৮৮১	১২০৩৩৫
সঞ্চয় জমা(লক্ষ টাকা)	৪৬.০৭	৫৫১.৯৮	৫৯৮.০৫
ঋণ বিতরন(লক্ষ টাকা)	৬১৪.৪৪	৪৫৭৬.৪৬	৫১৯০.৯০
ঋণ আদায় যোগ্য (লক্ষ টাকা)	৩৮.৩৭	২১২০.৪৪	২১৫৮.৮১
ঋণ আদায় (লক্ষ টাকা)	৩৩.৩৭	১৮০৯.৩০	১৮৪২.৬৭
ঋণ আদায়ের হার	৮৬.৯৭%	৮৫.৩৩%	৮৫.৩৬%
প্রশিক্ষন	-	-	-

(১০) <u>অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের জন্য প্রশিক্ষণ ও আত্ম-কর্মসংস্থান কর্মসূচী ঃ</u> মাতৃভূমির স্বাধীনতার জন্য যে সব বীর মুক্তিযোদ্ধা জীবন বাজী রেখে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিলেন এবং নানা কারণে বর্তমানে মানবেতর জীবন যাপন করছেন তাদের পরিবারকে আর্থিকভাবে স্বনির্ভর ও স্বচ্ছল করার লক্ষ্যে মাননীয় প্রাধানমন্ত্রীর ঘোষণা অনুসারে "অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের জন্য প্রশিক্ষণ এবং আত্ম-কর্মসংস্হান কর্মসূচী" শিরোনামে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক একটি কর্মসূচী বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত কর্মসূচীর আওতায় বিআরডিবি দেশের ৬৪টি জেলার ৪৮৪টি উপজেলার তালিকাভূক্ত মুক্তি যোদ্ধাদের জন্য বিশেষ ক্ষুদ্র ঋণ কর্মসূচী বাস্তবায়ন করছে। এ কর্মসূচীর আওতায় ২০০৪-২০০৫ অর্থ বছরে ১ম ও ২য় কিস্তিতে মোট ১২কোটি ৫০ লক্ষ টাকা সংশিষ্ট মন্ত্রণালয় হতে বরাদ্দ দেয়া হয়েছে। যা ইতোমধ্যে মাঠ পর্যায়ে বিতরণের উদ্দেশ্যে ছাড় করা হয়েছে এবং বিতরণ অব্যাহত আছে।

বিগত ২ অর্থ বছরে অসচ্ছল মুক্তিযাদ্ধা ও তাদর পোষ্যদর জন্য প্রশিক্ষণও আত্মকর্মসংস্হান কর্মসূচীর অগ্রগতি নিম্নরুপঃ

কর্মকান্ডের নাম/বিবরণ	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	মোট
দল গঠন(সংখ্যা)	৫৬২	৪৩৪	৯৯৬
সদস্য অন্তভূক্তি (জন)	৩৩১১৪	৮৫৪২	৪১৬৫৬
ঋণ বিতরন(লক্ষ টাকা)	-	১০১৬.৪৫	১০১৬.৪৫
ঋণ আদায় যোগ্য (লক্ষ টাকা)	-	১৭০.৭৬	১৭০.৭৬
ঋণ আদায় (লক্ষ টাকা)	-	৪৫.৭৯	৪৫.৭৯
ঋণ আদায়ের হার	-	২৬.৮২%	২৬.৮২%
প্রশিক্ষন	১৬৭০৬	৯৪৪৮	২৬১৫৪

(১১) <u>আরডি-৫ (পিইপি)ঃ</u> মোট ৮৮৭৯.৩০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সিডার আর্থিক সহায়তায় (জিওবি ৩৮৩৫.৪০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৫০৪৩.৯৩ লক্ষ টাকা) বৃহত্তর ফরিদপুর জেলার ২৭টি উপজেলায় প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। তৃতীয় পর্যায়ের এ প্রকল্পটির বাস্তবায়ন কাল ছিল জুলাই, ১৯৯৯ থেকে জুন ২০০৩ পর্যন্ত। গ্রামের বিত্তহীন জনগোষ্ঠির আয়বৃদ্ধি ও সামাজিক ক্ষমতায়নের মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন করা এবং সঞ্চয়ের মাধ্যমে নিজস্ব পুঁজি গঠন, ঋণ প্রদান, প্রশিক্ষণের ব্যবস্থা এবং আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে সহযোগীতা প্রদানের মাধ্যমে অভিষ্ঠ জনগোষ্ঠির আর্থসামাজিক উন্নয়নে প্রয়োজনীয় চাহিদা পূরণের মাধ্যমে এটিকে একটি স্থায়ী কর্মসূচীতে রূপান্তরিত করা হয়েছে।

প্রকল্পটির প্রধান প্রধান বাস্তব অঙ্গ হচ্ছে- (১) গ্রুপ গঠন (২) সঞ্চয় জমা (৩) ক্ষুদ্র ঋণ বিতরণ (৪) প্রশিক্ষণ (৫) আয় বর্ধনমূলক কর্মকান্ড (৬) সামাজিক উন্নয়ন এবং (৭) জেন্ডার ডেভেলপমেন্ট। জুলাই, ২০০৩ থেকে এ প্রকল্পের কার্যক্রম নিজস্ব অর্থায়নে পরিচালিত হচ্ছে।

বিগত ৩ (তিন) অর্থ বছরে উৎপাদনমুখী কর্ম.ংস্হান কর্মসূচী (পিইপি) এর বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপঃ

কর্মকান্ডের নাম/বিবরন	২০০২-২০০৩	২০০৩-২০০৪	২০০৪-২০০৫	মোট
সমিতি গঠন(সংখ্যা)	৮৮১৭	৮৯৭৪	৯২৮২	২৭০৭৩ টি
সদস্য অন্তভূক্তি (জন)	১৮৩০২০	১৮৭৬০৫	১৯৪৮৬৪	৫৬৫৪৮৯ জন
সঞ্চয় জমা(লক্ষ টাকা)	১৯৭৬.০৯	২১১৫.৩২	২২৪৫.৩৯	৬৩৩৬৮.০০
ঋণ বিতরন(লক্ষ টাকা)	৬১৭৪.১০	৮৪৪২.৩৪	৮৫১০.৯৮	২৩১২৭.৪২
ঋণ আদায় যোগ্য (লক্ষ টাকা)	৬২১০.৯৭	৮৩৬৯.৫৪	৮৭৮৬.৬৮	২৩৩৬৭.১৯
ঋণ আদায় (লক্ষ টাকা)	৫৭৯৮.৮৫	৭৯৯১.১২	৮৩৭৮.৫২	২২১৬৮.৪৯
ঋণ আদায়ের হার	৯৩.৩৬%	৯৫.৪৮%	৯৫.৩৫%	৯৪.৮৭%
প্রশিক্ষন (উপকারভাগী)	১৯২০৯	২০৯১৮	১৯৭৪১	৫৪১৫১৮

৪ । বিআরডিবি'র ভবিষ্যত কার্য্যক্রমের রুপরেখা ঃ

বাংলাদেশের বর্তমান আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষিত তৃণমূল পর্যায়ে দারিদ্র্য বিমোচন, পল্লী উন্নয়ন ও দরিদ্রদের আর্থ-সামাজিক উন্নয়নে সরকারের সর্ববৃহৎ প্রতিষ্ঠান বিআরডিবি PRSP চূড়ান্তকরণ ও মিলেনিয়াম ঢেরসভমেন্ট লক্ষ্যমাত্রা অর্জনে নিম্নোক্ত বিষয়গুলোর উপর অধিক গুরুত্ব আরোপ করেছে ঃ

(১) উন্নয়নের কেন্দ্র বিন্দু জনগন তথা প্রতিটি পরিবার । গ্রামের অভিষ্ঠ জনগোষ্ঠিক সংগঠিত করে হলোষ্টিক এপ্রাচে উন্নয়ন কার্যএম বস্তবায়ন করা **Frontal attack On Poverty** নীতি গ্রহন ;

(২) অভিষ্ট জনগোষ্টির সুপ্ত শক্তি, প্রতিভা ও সক্ষমতার বিকাশ সাধন, মনমানসিকতা ও স্পৃহার উজজীবন মারফত ইতিবাচক প্রতিবর্তনে সহায়তা করা এবং নারী পুরুষ বৈষম্য দুর করে আধুনিক মননশীলতায় জীবন যাত্রার মানউন্নয়ন করা,

(৩) পরিবার পরিকল্পনা, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্য্যা, প্রজনন স্বাস্থ্য, নিরাপদ মাতৃত্ব, শিশু মৃত্যু প্রতিরোধমুলক বাবস্থা গ্রহন, এইচআইভি / এইডস এর কুফল সম্পর্কে ব্যাপক প্রচার ও প্রকাশনা ।

দারিদ্র বিমাচনের ক্ষেত্রে মাননীয় প্রধান মন্ত্রীর অগ্রাধিকার কর্মসুচীর আলোকে উন্নয়ন সংএান্ত অগ্রাধিকারের ক্ষেত্রে যে সকল বিষয়ের উপর বিআরডিবি গুরুত্ব দিচ্ছ তা হলোঃ

কমিউনিটি এমপাওয়ারমেন্ট, অংশীদারিত্বের ভিত্তিতে গ্রামীণ ক্ষুদ্র অবকাঠামা উন্নয়ন । (রাস্তাঘাট,পুল কালভার্ট নির্মান)।

শিক্ষা উন্নয়ন সমবায় সংগঠন/অনানুষ্ঠানিক দলের সদস্য/সদস্যাদের মাঝে বিভিন্ন প্রশিক্ষণ ব্যবস্থা জোরদারকরণ।

নারীর ক্ষমতায়ন ও নারী শিক্ষার প্রসার।

আত্মকর্মসংস্থান মূলক প্রকল্প/কর্মসূচী হিসাবে অন্যান্য কার্যএমের মধ্যে ব্লাক বেংগল ছাগল পালন কর্মসূচী যা জাইকা সহায়তায় মেহরপুর জেলায় পরিচালিত হচ্ছে।

বনজ, ভেষজ, ফলজ, বৃক্ষ রোপন কর্মকান্ড, পরিচর্যা ও সামাজিক বনায়ন।

দারিদ্র বিমোচনে ভবিষ্যৎ প্রক্ষেপন ঃ

২০১৫ সাল নাগাদ দেশের জনসংখ্যা দাড়াবে প্রায় ২০ কোটি । তম্মধ্যে গ্রামীন জনসংখ্যা ১৫ কোটি যার সিংহভাগই ভুমিহীন । এ ক্ষেত্রে বিআরডিবি'র বর্তমান সাংগঠনিক কাঠামোকে শক্তিশালী করে বর্তমান ৩৮ লক্ষ সদস্য/সদস্যাদের সংখ্যা বৃদ্ধি করে প্রায় ১ কোটিতে উন্নীত করলে এবং এ সকল সাংগঠনিক কাঠামোয় যুক্ত পরিবার ভিত্তিক পারিবারিক উন্নয়ন কর্মসূচীর প্যাকেজ প্রোগ্রামের অধীনে উন্নয়ন কার্যএম দ্বারা প্রায় ৫ কোটি (পরিবার প্রতি গড়ে ৫ জন সদস্য হিসাব) জনগনের মাঝে প্রাতিষ্ঠানিক সেবা পৌছে দিতে পারে ।

(২) বর্দ্ধিত জনসংখ্যার খাদ্য নিরাপত্তা ক্ষেত্র ত্বরান্বিত কৃষি উন্নয়ন ও সরকারের গৃহীতব্য কৃষি নীতিমালার আলোকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন পূর্বক বিপুল পরিমান বিদ্যমান সেচ যন্ত্রের অধীনে চাষাবাদকৃত কমান্ড এরিয়ার জমির পরিমান বর্তমানে গড় ৫০ একরের পরিবর্তে ১৫০ একরে পরিনত করে ৩ গুন খাদ্য উৎপাদন বৃদ্ধির ব্যবস্থা গ্রহন, শস্য বহুমুখীকরণ ও উৎপাদন ক্ষেত্রে আধুনিক কলাকৌশল প্রয়োগে বিশেষ অবদানসহ অ-প্রধান শস্য উৎপাদনে অগ্রনী ভূমিকা গ্রহন ।

(৩) বর্তমানে প্রচলিত ভূমি ব্যবস্থার পরিবর্তন তথা সংস্কার ও ভূমি জরিপ দ্বারা প্রতি ইঞ্চি জমির সঠিক সদব্যবহারের পরিকল্পনা গ্রহন করা।

বিআরডিবি দারিদ্র্য বিমোচনের জন্য আগামী দিনের নতুন প্রকল্প হিসাবে যে সকল প্রকল্প/প্রস্তাবনা চিন্তা ভাবনা করছে তারমধ্যে উল্লেখযোগ্য হলো ঃ

(১) পরিবার ভিত্তিক দারিদ্র্য বিমোচন প্রকল্প;
(২) দারিদ্র্য বিমাচন, আয়বর্ধন ও আত্মকর্মসংস্থানে উন্নত পদ্ধতিতে ফল মূল, শাক-সবজী উৎপাদন ও প্রক্রিয়াকরণ প্রকল্প;
(৩) পল্লী এলাকায় উদ্যোক্তা উন্নয়ন প্রকল্প;
(৪) পল্লী দারিদ্র্য ক্ষমতায়ন প্রকল্প;
(৫) কর্মসংস্থান নিশ্চিতকরণ প্রকল্প;
(৬) দারিদ্র্য বিমাচন, আয় বর্ধন ও আত্ম কর্মসংস্থানে উন্নত পদ্ধতিতে ছাগল পালন প্রকল্প;
(৭) অংশীদারিত্বমুলক লিংক মডেল গ্রাম উন্নয়ন প্রকল্প;
(৮) সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প ;
(৯) বাপউবোর প্রশিক্ষণ কর্মসূচী জোরদারকরণ এবং
(১০) **ICT** উন্নয়ন কর্মসূচী ।

সমবায় অধিদপ্তর, ঢাকা

সুদীর্ঘ এক শতাব্দী যাবৎ বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন, দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সমবায় অধিদপ্তর কাজ করছে। সমবায় বিশ্বব্যাপী দারিদ্র্য বিমোচনের অন্যতম কৌশল হওয়া সত্ত্বেও বাংলাদেশে সমবায় আন্দোলন দীর্ঘদিন ধরে উপেক্ষিত ছিল। সমবায়ের গুরুত্ব অনুধাবন করে বর্তমান সরকার তার নির্বাচনী ইস্তেহারে সমবায়ের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থানের অঙ্গীকার ব্যক্ত করে। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর সমবায় ক্ষেত্রে উন্নয়নের বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়। এরই প্রতিফলন হিসেবে জাতীয় সমবায় পুরস্কার প্রদান কার্যক্রম গুরুত্ব সহকারে গ্রহণ করে বিভিন্ন ক্ষেত্রে সফল সমবায়ীদের জাতীয় সমবায় পুরস্কার নিয়মিতভাবে প্রদান করা হচ্ছে।

সমবায় অধিদপ্তর যেসব দায়িত্ব ও কর্তব্যসমূহ পালন করে থাকে তা নিম্নরূপঃ-

১. সমবায় অধিদপ্তরের প্রশাসন পরিচালনা করা;
২. সমবায় সমিতি সমূহের বার্ষিক নিরীক্ষা পরিচালনা করা;
৩. সমবায় সমিতি সমূহ নিবন্ধন করা;
৪. সমবায় আন্দোলনের প্রশাসনিক এবং ব্যবস্থাপনা বিষয়ক নীতি প্রণয়ন করা;
৫. সমবায় আইন ও নিয়মাবলীর বাস্তব প্রয়োগ নিশ্চিত করা;
৬. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী এবং সমবায় সমিতির সদস্য ও বেতনভুক্ত কর্মচারীদের প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা;
৭. যুগের চাহিদা মোতাবেক সমিতি পরিচালনার সুবিধার্থে সমবায় আইন ও নিয়মাবলী সংশোধনের পরামর্শ প্রদান করা;
৮. সমবায় খাতের পরিসংখ্যান সংগ্রহ ও প্রকাশ করা;
৯. সমবায় সংক্রান্ত বিষয়ে প্রচার, প্রকাশনা ও সম্প্রসারণ মূলক কার্যক্রম পরিচালনা করা;
১০. সরকারের অনুমোদনক্রমে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা ও তার বাস্তবায়ন করা।

দেশে বর্তমানে (জুন, ২০০৫) নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৫০৯৬৪টি, তন্মধ্যে ২১টি জাতীয় সমিতি, ১০৮৬টি কেন্দ্রীয় সমিতি ও ১৪৯৮৫৭টি প্রাথমিক সমিতি। প্রাথমিক সমবায় সমিতি গুলির সদস্যসংখ্যা ৭৭,৯১,৩২৮জন। সমিতি গুলো জুন, ২০০৫ পর্যন্ত ১০৬৪ কোটি টাকার বিভিন্ন তহবিল সৃষ্টি করেছে। একই সময়ে সমিতি গুলোর কার্যকরী মূলধনের পরিমান দাড়িয়েছে প্রায় ৩১৭৫ কোটি টাকা।

২। বিগত ২০০৩-২০০৪ অর্থ বছরে সমবায় অধিদপ্তর কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপঃ

(১) নিয়োগঃ সমবায় অধিদপ্তরের অনুমোদিত মোট পদের সংখ্যা ৪,৮৪৬টি। আলোচ্য অর্থ বছরের প্রারম্ভে ১০৭৩টি পদ শূন্য ছিল। সমবায় অধিদপ্তরের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ২০০৪-২০০৫ সালে ৩১০ জনকে বিভিন্ন পদে নিয়োগ প্রদান করা হয় এবং আরো ২৫৪ জনকে নিয়োগের প্রক্রিয়া গ্রহণ করা হয়।

(২) সমবায় আইন, বিধি ও নীতিঃ সমবায় কার্যক্রম পরিচালনার জন্য সমবায় অধ্যাদেশ ১৯৮৪ এর পরিবর্তন করে সমবায় আইন ২০০১ জারী করার পর তা সাধারণ মানুষের জন্য সহজবোধ্য ও কার্যকরী করার লক্ষ্যে বিগত ১২/০২/২০০৪ ইং তারিখে এসআরও জারীর মাধ্যমে প্রথমবারের মত বাংলাদেশ সমবায় সমিতি বিধিমালা ২০০৪ প্রকাশিত হয়। সমবায় আন্দোলনকে আরো গতিশীল ও কার্যকর করার লক্ষ্যে সমবায় নীতিমালা প্রণয়নের কাজ বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে।

(৩) **সমবায় অডিটঃ** সমবায় সমিতির কার্যক্রমকে নিয়মতান্ত্রিক, জবাবদিহীমূলক ও ফলপ্রসু করার উদ্দেশ্যে সমবায় অধিদপ্তর কর্তৃক প্রতি বছর সমবায় সমিতিগুলো অডিট করা হয়। ২০০৪-২০০৫ অর্থ বছরে ২১টি জাতীয় ও জাতীয় পর্যায়ের সমবায় সমিতির অডিট সমবায় অধিদপ্তরের সদর কার্যালয়ে অডিট শাখার তত্ত্বাবধানে, ১০৮৬টি কেন্দ্রীয় সমবায় সমিতির অডিট ৪টি বিভাগীয় যুগ্ন-নিবন্ধকের কার্যালয়ের তত্ত্বাবধানে এবং অবশিষ্ট ১,৪৯,৮৫৭টি প্রাথমিক সমবায় সমিতির অডিট জেলা সমবায় কার্যালয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধানে সম্পাদন করা হয়।

(৪) **সমবায় সমিতি গোটানোঃ** বিগত ২০০৪-২০০৫ অর্থ বছরে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২) এর ৫৩ ধারা অনুযায়ী ১৬১৪৬টি অকার্যকর সমবায় সমিতি চিহ্নিতকরণ করা হয়েছে, ১৩৬৪৪টি সমবায় সমিতি অবসায়নে ন্যস্তকরণ ও ২৩০৭টি সমবায় সমিতি বাতিল ও গোটানোর কাজ সম্পন্ন করা হয়েছে।

(৫) **প্রশিক্ষণঃ** সমবায় আন্দোলন একটি আর্থসামাজিক আন্দোলন। সমবায় অধিদপ্তর এ আন্দোলনকে সার্থক ও ব্যপক জনগোষ্ঠীকে এ আন্দেলনের সাথে সম্পৃক্ত ও উদ্বুদ্ধ করতে সমবায় প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে। সমবায় অধিদপ্তরের আওতাধীন বাংলাদেশ সমবায় একাডেমী, দেশের বিভিন্ন অঞ্চলে স্থাপিত ৯টি আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট এবং ৬৪টি জেলা সমবায় দপ্তরে ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিটসমূহ ও মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের মাধ্যমে সমবায় প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের কাজ সম্পাদন করা হয়। নিম্নে প্রশিক্ষণ প্রতিষ্ঠান সমূহে প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের চিত্র প্রদান করা হলোঃ

(ক) **বাংলাদেশ সমবায় একাডেমীঃ** বাংলাদেশ সমবায় একাডেমীতে মানব সম্পদ উন্নয়নকল্পে মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি ও দৃষ্টি ভংগীর উন্নয়ন এবং দেশের বিভিন্ন প্রকার সমবায় সমিতির সদস্য ও সমবায়ী নেতৃবন্দের বিভিন্ন মেয়াদী প্রশিক্ষণ কোর্স বাংলাদেশ সমবায় একাডেমীতে হয়ে থাকে। তাছাড়া মাঝে মাঝে বিভিন্ন সরকারী, আধা-সরকারী, বেসরকারী সংগঠনের সম্মেলন, কর্মশালা, আলোচনা সভা এবং প্রশিক্ষণ কোর্স সমূহ অত্র একাডেমীতে অনুষ্ঠিত হয়ে থাকে। বিগত ২০০৪-২০০৫ অর্থ বছরে বাংলাদেশ সমবায় একাডেমীতে ৫৯টি কোর্সের মাধ্যমে ১৮৭৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ প্রদানের হার লক্ষ্যমাত্রার শতকরা প্রায় ৮৬ ভাগ। বছর ভিত্তিক অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্স ও প্রশিক্ষণার্থীদের সংখ্যা নিম্নে দেয়া হলোঃ-

বছর	লক্ষ্যমাত্রা		অর্জন	
	কোর্সের সংখ্যা	প্রশিক্ষনার্থীর সংখ্যা	কোর্সের সংখ্যা (%)	প্রশিক্ষনার্থীর সংখ্যা (%)
২০০২-২০০৩	৪৪	৮৪২	২৭ (৬১%)	৭৫৪ (৯০%)
২০০৩-২০০৪	৯১	১৬৩৪	৬২ (৬৮%)	১৫০৭ (৯২%)
২০০৪-২০০৫	**৮৮**	**২১৯৭**	**৫৯ (৬৭%)**	**১৮৭৮ (৮৫%)**

(খ) **আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউটঃ** মানব সম্পদ উন্নয়নকল্পে ৯টি আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউটে সমবায় অধিদপ্তরের আওতায় কর্মকর্তা/কর্মচারী এবং বিভিন্ন সমবায় সমিতির সদস্যদের উন্নত পেশাগত দক্ষতা অর্জনের লক্ষ্যে রিফ্রেসার্স কোর্স, নেতৃত্ব ও ব্যবস্থাপনা উন্নয়ন কোর্স, সমবায় ব্যবস্থাপনা কোর্স, পানি ব্যবস্থাপন সমবায় সমিতির সদস্যদের এবং নবনিয়োগ প্রাপ্ত কর্মচারীদের মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়ে থাকে। গত ২০০৪-২০০৫ইং বছরে ৯টি আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউটে অনুষ্ঠিত ১৪৮টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে ৩৩২৬ জনকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। বছর ভিত্তিক অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সে ও প্রশিক্ষণার্থীদের সংখ্যা নিম্নে দেয়া হলোঃ-

বছর	লক্ষ্যমাত্রা		অর্জন	
	কোর্সের সংখ্যা	প্রশিক্ষনার্থীর সংখ্যা	কোর্সের সংখ্যা (%)	প্রশিক্ষনার্থীর সংখ্যা (%)
২০০২-২০০৩	১৯৮	৪০২৯	১৮৭ (৯৪%)	৩২৫৬(৮১%)
২০০৩-২০০৪	২৩০	৪৫৬৫	২১৮(৯৫%)	৪৩৩৫(৯৫%)
২০০৪-২০০৫	**১৮৯**	**৪১৩৬**	**১৪৮(৭৮%)**	**৩৩২৬(৮০%)**

(গ) **ভ্রাম্যমান প্রশিক্ষণঃ** সমবায় ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট জেলা পর্যায়ে নির্ধারিত প্রশিক্ষণ কারিকুলাম অনুযায়ী সমিতি পর্যায়ে সমবায়ীগণকে সমিতি পরিচালনা, হাঁস-মুরগী, গবাদী-পশু পালন ও জাতীয় কর্মসূচী যেমন- বৃক্ষরোপন, স্যানিটেশন, যৌতুক বিরোধী আন্দোলন ইত্যাদি সম্পর্কে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন ও কর্মসংস্থানে উদ্বুদ্ধকরণের দায়িত্ব পালন করছে। গত ২০০৪-২০০৫ইং অর্থ বছরে ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিটের মাধ্যমে ২,০৩,৩৮৭ জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

বিগত ৩ বছরের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রশিক্ষণ অগ্রগতির চিত্র ঃ

বছর	অংশগ্রহণকারীর সংখ্যা		লক্ষ্যমাত্রা অর্জনের শতকরা হার
	লক্ষ্যমাত্রা	অর্জন	
২০০২-২০০৩	১৮,৯৭৭	১৮৭৫৩	৯৮.৮২%
২০০৩-২০০৪	৩,৫২,৮০০	১,৬৬,৬৭৩	৪৭.২৪%
২০০৪-২০০৫	**৩,৫৮,৮০০**	**২,০৩,৩৮৭**	**৫৬.৬৯%**

(৬) **(ক) বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন (মিল্ক ভিটা)ঃ** বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন (মিল্ক ভিটা) হচ্ছে একটি জাতীয় পর্যায়ের সমবায় সমিতি। দেশের প্রত্যন্ত অঞ্চলের ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের দুগ্ধ উৎপাদনে উদ্বুদ্ধ করা ও উৎপাদিত দুগ্ধ প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে ভুমিহীন, দরিদ্র কৃষকদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করাই দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়নের মূল উদ্দেশ্য। বর্তমানে দুগ্ধ উৎপাদনকারী প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ৮৯৮টি। বিগত ৩ বছরে দুগ্ধ উৎপাদনকারী প্রাথমিক সমবায় সমিতিসমূহের মাধ্যমে অর্জিত অগ্রগতি নিম্নরুপঃ

রছর	সমিতির সংখ্যা	সদস্য সংখ্যা	কার্যকরী মূলধন (লক্ষ টাকা)
২০০২-২০০৩	৬৩০	৪৯,৩৩৭	২৫৭.৭৫
২০০৩-২০০৪	৭৯৭	৫৯,৭৭৩	৪০৮.৩০
২০০৪-২০০৫	৮৯৮	৬৫,৫১২	৪৪৯.০৩

বিগত ৩ বছরের প্রাথমিক সমিতি হতে দুগ্ধ সংগ্রহের পরিমান ও মূল্য নিম্নে দেয়া হলো যা হতে ২০০৪-২০০৫ অর্থ বছরের সাফল্য সহজেই অনুমেয়ঃ

রছর	দুগ্ধ সংগ্রহ(লক্ষ লিটার)	গড় মূল্য প্রতি লিঃ(টাকা)	মোট মূল্য প্রদান (কোটি টাকা)
২০০২-২০০৩	৫৬৮.৩৭	১৬.৯০	৯৬০৯.৪ ৫
২০০৩-২০০৪	৬২৭.৮৫	১৬.৮৮	১০৫৯৮.১১
২০০৪-২০০৫	৬৬৮.০২	১৭.৩৮	১১৬১০.১৯

বিগত ২০০২-০৩, ২০০৩-০৪ এবং ২০০৪-০৫ অর্থ বছরে মোট ১৯৫৯.০০ লক্ষ টাকা নীট মুনাফা অর্জন করেছে। মিল্কভিটার কয়েক বছরের আয়-ব্যয়ের চিত্র নিম্নরুপঃ

বছর	আয় (লক্ষ টাকা)	ব্যয় (লক্ষ টাকা)	নীট মুনাফা
২০০২-২০০৩	১৫৯৬৩.৯৩	১৫৫১০.৮৯	৪৫৩.০৪
২০০৩-২০০৪	১৭৫৯৮.৫১	১৬৭১২.৪৭	৮৮৬.০৪
২০০৪-২০০৫	১৯০০৩.৮০	১৮৩৮৩.৮৮	৬১৯.৯২
মোট	৫২৫৬৬.২৪	৫০৬০৭.২৪	১৯৫৯.০০

